(ট) দফা (থথথ) এ উল্লিখিত 'শরিয়ত' শব্দটির পরিবর্তে 'শরীয়াহ' শব্দটি প্রতিস্থাপিত হইবে;

(ঠ) দফা (থথথথথ) এ উল্লিখিত 'শরিয়ত' শব্দটির পরিবর্তে 'শরীয়াহ' শব্দটি প্রতিস্থাপিত হইবে।

৫। **১৯৯১ সনের ১৪ নং আইনের ধারা ৬ এর সংশোধন**।—উক্ত আইনের ধারা ৬ এর দফা (ক) এ উল্লিখিত 'নূতন ব্যাংক বা বিশিষ্ট' শব্দগুলির পরিবর্তে 'বিশেষায়িত' শব্দটি প্রতিস্থাপিত হইবে।

৬। **১৯৯১ সনের ১৪ নং আইনের ধারা ৭ এর সংশোধন**।—উক্ত আইনের ধারা ৭ এর—

(ক) উপ-ধারা (১) এর—

(অ) দফা (ঘ) এ উল্লিখিত 'ক্রেডিট কার্ড' শব্দগুলির পরিবর্তে 'ব্যাংক কার্ড' শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(আ) দফা (জ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (জ) প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

"(জ) বন্ড, স্ক্রিপ বা অন্যান্য প্রকারের সম্পত্তি নিদর্শন পত্র যথা, মেয়াদী অংশগ্রহণ-পত্র, মেয়াদী অর্থ সংস্থান-পত্র, মুদারাবা সার্টিফিকেট, মুশারিকা সার্টিফিকেট এবং বাংলাদেশ ব্যাংক কর্তৃক অনুমোদিত অন্যান্য অনুরূপ দলিল, সরকারের পক্ষে বা অন্যান্যদের পক্ষে ক্রয় ও বিক্রয়;"; এবং

(খ) উপ-ধারা (২) এর পর নিম্নরূপ একটি নূতন উপ-ধারা (৩) সংযোজিত হইবে, যথাঃ—

"(৩) উপ-ধারা (১) এ যাহা কিছুই থাকুক না কেন, এই আইনের ধারা ২৬ এর বিধান সাপেক্ষে, কোন ব্যাংক-কোম্পানী স্টক-ব্রোকার, স্টক-ডিলার, মার্চেন্ট ব্যাংকার, পোর্টফোলিও ম্যানেজার হিসাবে বা সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন হইতে নিবন্ধন গ্রহণের প্রয়োজন পড়ে এইরূপ কোন ব্যবসায়ে সরাসরি লিপ্ত হইতে পারিবে না।"।

৭। **১৯৯১ সনের ১৪ নং আইনের ধারা ৮ এর সংশোধন**।—উক্ত আইনের ধারা ৮ এ উল্লিখিত 'অন্য কোন কোম্পানী' শব্দগুলির পরিবর্তে 'অন্য কোন কোম্পানী কিংবা প্রতিষ্ঠান' শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

৮। **১৯৯১ সনের ১৪ নং আইনের ধারা ৯ এর সংশোধন।**—উক্ত আইনের ধারা ৯ এর—

(ক) শর্তাংশে উল্লিখিত 'শরিয়ত' শব্দের পরিবর্তে 'শরীয়াহ' শব্দটি প্রতিস্থাপিত হইবে; এবং

(খ) ব্যাখ্যায় উল্লিখিত 'এবং অন্যান্য ধাতু ব্যতীত, সকল প্রকারের অস্থাবর সম্পত্তি এবং ধারা ৭(১) এর (গ), (ঘ), (ছ) ও (জ) দফাসমূহে উল্লিখিত সকল দলিল দস্তাবেজ' শব্দগুলি, বন্ধনীগুলি, সংখ্যাগুলি ও কমাগুলির পরিবর্তে "ও অন্যান্য ধাতু এবং ধারা ৭ এর উপ-ধারা (১) এর দফা (গ), (ঘ), (ছ) ও (জ) এ উল্লিখিত সকল দলিল দস্তাবেজ ব্যতীত, সকল প্রকারের অস্থাবর সম্পত্তি" শব্দগুলি, বন্ধনীগুলি, সংখ্যাগুলি ও কমাগুলি প্রতিস্থাপিত হইবে।

৯। **১৯৯১ সনের ১৪ নং আইনের ধারা ১১ এর সংশোধন।**—উক্ত আইনের ধারা ১১ এর উপ-ধারা (১) এর দফা (খ) এর উপ-দফা (আ) এর শর্তাংশের অনুচ্ছেদ (২) এর শেষাংশে উল্লিখিত 'বা' শব্দটি বিলুপ্ত হইবে।

১০। **১৯৯১ সনের ১৪ নং আইনের ধারা ১২ এর সংশোধন।**—উক্ত আইনের ধারা ১২—

(ক) এর উপান্ত-টীকায় উল্লিখিত 'নথিপত্র' শব্দটির পরিবর্তে 'নথিপত্র এবং কর্মপ্রক্রিয়া' শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(খ) তে উল্লিখিত 'নথিপত্র' শব্দটির পরিবর্তে 'নথিপত্র কিংবা তথ্যপ্রযুক্তির মাধ্যমে প্রক্রিয়াযোগ্য কার্যক্রম' শব্দগুলি প্রতিস্থাপিত হইবে; এবং

(গ) এর ব্যাখ্যা অংশের দফা (ক) এবং (খ) এ দুইবার উল্লিখিত 'বৈদ্যুতিক' শব্দটির পরিবর্তে উভয় অংশে 'তথ্যপ্রযুক্তি' শব্দটি প্রতিস্থাপিত হইবে।

১১। **১৯৯১ সনের ১৪ নং আইনের ধারা ১৩ এর সংশোধন।**—উক্ত আইনের ধারা ১৩ এর—

(ক) উপান্ত-টীকা এবং উপ-ধারা (১) ও (২) এর পরিবর্তে নিম্নরূপ উপান্ত-টীকা এবং উপ-ধারা (১) ও (২) প্রতিস্থাপিত হইবে, যথা :—

"১৩। **মূলধন সংরক্ষণ।**—(১) বাংলাদেশে কার্যরত সকল ব্যাংক-কোম্পানীকে বাংলাদেশ ব্যাংক কর্তৃক, সময়ে সময়ে, নির্ধারিত পরিমাণে, হারে ও পন্থায় মূলধন সংরক্ষণ করিতে হইবে :

তবে শর্ত থাকে যে, সরকার, বাংলাদেশ ব্যাংকের সহিত পরামর্শক্রমে, বিশেষায়িত ব্যাংসমূহকে এই ধারার বিধান হইতে অব্যাহতি দিতে পারিবে।

(খ) নির্দিষ্ট মেয়াদে বা অনুরূপ ঘাটতি পূরণের পূর্ব পর্যন্ত উক্ত ব্যাংক কর্তৃক নূতন ঋণ ও অগ্রিম প্রদান নিষিদ্ধ করা;

(গ) উক্ত ব্যর্থতার জন্য সর্বনিম্ন বিশ লক্ষ টাকা হইতে অনূর্ধ্ব এক কোটি টাকা জরিমানা আরোপ এবং যদি উক্ত লংঘন অব্যাহত থাকে, তাহা হইলে উক্ত লংঘনের প্রথম দিনের পর প্রত্যেক দিনের জন্য অতিরিক্ত অনূর্ধ্ব পঞ্চাশ হাজার টাকা জরিমানা আরোপ; এবং

(ঘ) এই আইনের অধীন অন্যান্য শাস্তি বা প্রতিকারমূলক ব্যবস্থা গ্রহণ।"।

১২। **১৯৯১ সনের ১৪ নং আইনের ধারা ১৪ এর সংশোধন।**—উক্ত আইনের ধারা ১৪ এর—

(ক) উপ-ধারা (১) এ উল্লিখিত 'নূতন ব্যাংক বা বিশিষ্ট' শব্দগুলির পরিবর্তে 'বিশেষায়িত' শব্দটি প্রতিস্থাপিত হইবে;

(খ) উপ-ধারা (১) এর দফা (গ) এ উল্লিখিত 'উহার মূলধন' শব্দগুলির পরিবর্তে 'উহার অনুমোদিত মূলধন' শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(গ) উপ-ধারা (২) এ উল্লিখিত 'নূতন ব্যাংক বা বিশিষ্ট ব্যাংক ব্যতীত অন্য' শব্দগুলি বিলুপ্ত হইবে।

১৩। **১৯৯১ সনের ১৪ নং আইনের ধারা ১৪ক এর সংশোধন**—উক্ত আইনের ধারা ১৪ক এর—

(ক) উপ-ধারা (২) এ উল্লিখিত 'ব্যাংকের শেয়ার ক্রয়ের সময় ক্রেতা' শব্দগুলির পরিবর্তে 'কোন ব্যাংক-কোম্পানী কর্তৃক যাচিত হইলে উক্ত ব্যাংকের শেয়ার ক্রয়ের সময় ক্রেতা' শব্দগুলি ও হাইফেন প্রতিস্থাপিত হইবে;

(খ) উপ-ধারা (৩) এ 'বাংলাদেশ ব্যাংকে' শব্দগুলির পরিবর্তে 'বাংলাদেশ ব্যাংকের অনুকূলে' শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(গ) ব্যাখ্যা অংশের 'উপ-ধারায়' শব্দগুলি ও হাইফেনের পরিবর্তে 'ধারায়' শব্দটি প্রতিস্থাপিত হইবে।

১৪। **১৯৯১ সনের ১৪ নং আইনে ধারা ১৪খ এর সন্নিবেশ।**—উক্ত আইনের ধারা ১৪ক এর পর নিম্নরূপ একটি নূতন ধারা ১৪খ সন্নিবেশিত হইবে, যথা :—

"**১৪খ। উল্লেখযোগ্য শেয়ার ধারক।**—(১) বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমোদন ব্যতীত, কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান বা কোম্পানী প্রত্যক্ষ বা পরোক্ষভাবে, একক বা অন্যের সহিত যৌথভাবে, কোন ব্যাংক-কোম্পানীর উল্লেখযোগ্য শেয়ার ধারক হইতে পারিবে না।

৫২। **১৯৯১ সনের ১৪ নং আইনের ধারা ৫৪ এর সংশোধন।**—উক্ত আইনের ধারা ৫৪ এর—

(ক) উপ-ধারা (১) এর পরিবর্তে নিম্নরূপ উপ-ধারা (১) প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

"(১) ধারা ৫৩ তে যাচাই বিধৃত থাকুক না কেন, কোন কোম্পানী, প্রতিষ্ঠান বা অন্য কোন ব্যক্তি সম্পর্কে ধারা ৫২(১) এর অধীন কোন ঘোষণা প্রকাশিত হইলে, উক্ত কোম্পানী, প্রতিষ্ঠান বা ব্যক্তির বা উহার বা তাঁহার পক্ষে কোন ব্যক্তির দখলে, তত্ত্বাবধানে, নিয়ন্ত্রণে বা জিম্মায় আছে এমন সব টাকা-পয়সা, স্থাবর সম্পত্তি, শেয়ার, সম্পত্তির স্বত্ব-দলিল বা অন্য কোন দলিল, যত শীঘ্র সম্ভব, বাংলাদেশ ব্যাংক কর্তৃক নির্দেশিত কোন ব্যাংক-কোম্পানী, বা বাংলাদেশ ব্যাংক বা তৎকর্তৃক ক্ষমতা প্রদত্ত কোন ব্যক্তির নিকট জমা রাখিতে হইবে।";

(খ) উপ-ধারা (৩) এ দুইবার উল্লিখিত "কোম্পানী বা ব্যক্তির" শব্দগুলির পরিবর্তে উভয় স্থানে "কোম্পানী, প্রতিষ্ঠান বা ব্যক্তির" শব্দগুলি ও কমা এবং "কোম্পানীর প্রধান নির্বাহী" শব্দগুলির পরিবর্তে "কোম্পানী বা প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(গ) উপ-ধারা (৪) এ উল্লিখিত "কোম্পানী বা ব্যক্তির" শব্দগুলির পরিবর্তে "কোম্পানী, প্রতিষ্ঠান বা ব্যক্তির" শব্দগুলি ও কমা প্রতিস্থাপিত হইবে।

৫৩। **১৯৯১ সনের ১৪ নং আইনের ধারা ৫৫ এর সংশোধন।**—উক্ত আইনের ধারা ৫৫ এ উল্লিখিত "ব্যাংক-কোম্পানী" শব্দগুলি ও হাইফেনের পরিবর্তে "কোম্পানী, প্রতিষ্ঠান" শব্দগুলি ও কমা, তিনবার উল্লিখিত "কোম্পানীর" শব্দটির পরিবর্তে সকল স্থানে "কোম্পানীর বা প্রতিষ্ঠানের" শব্দগুলি এবং "কোম্পানী বা ব্যক্তি" শব্দগুলির পরিবর্তে "কোম্পানী, প্রতিষ্ঠান বা ব্যক্তির" শব্দগুলি ও কমা প্রতিস্থাপিত হইবে।

৫৪। **১৯৯১ সনের ১৪ নং আইনের ধারা ৫৭ এর সংশোধন।**—উক্ত আইনের ধারা ৫৭ এর উপ-ধারা (২) এ উল্লিখিত "বিশ হাজার" শব্দগুলির পরিবর্তে "দুই লক্ষ" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

৫৫। **১৯৯১ সনের ১৪ নং আইনের পঞ্চম খণ্ডের শিরোনামের সংশোধন।**—উক্ত আইনের পঞ্চম খন্ডের শিরোনামে উল্লিখিত "প্রতিষ্ঠান" শব্দটি বিলুপ্ত হইবে।

৫৬। **১৯৯১ সনের ১৪ নং আইনের ধারা ৫৮ এর সংশোধন।**—উক্ত আইনের ধারা ৫৮ এর—

(ক) উপান্ত-টীকায় উল্লিখিত "প্রতিষ্ঠান" শব্দটি বিলুপ্ত হইবে;

(ঙ) উপ-ধারা (৫) এ উল্লিখিত "প্রতিষ্ঠান ও উহার" শব্দগুলি বিলুপ্ত হইবে।

৫৭। **১৯৯১ সনের ১৪ নং আইনের ধারা ৫৯ এর সংশোধন**।—উক্ত আইনের ধারা ৫৯ এর—

(ক) উপ-ধারা (১) এ উল্লিখিত "কোন অধিগৃহীত ব্যাংকের ব্যাপারে" শব্দগুলির পরিবর্তে "ধারা ৫৮ এর আওতায় অধিগৃহীত কোন ব্যাংকের ব্যাপারে" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(খ) উপ-ধারা (২) এর—

(অ) দফা (ক) এ উল্লিখিত "প্রতিষ্ঠান ও উহার" শব্দগুলি বিলুপ্ত হইবে;

(আ) দফা (চ) এ উল্লিখিত "প্রতিষ্ঠান বা উহার" শব্দগুলি বিলুপ্ত হইবে।

৫৮। **১৯৯১ সনের ১৪ নং আইনের ধারা ৬০ এর সংশোধন**।—উক্ত আইনের ধারা ৬০ এর উপ-ধারা (১) এ উল্লিখিত "অধিগৃহীত ব্যাংক বাংলাদেশের বাহিরে নিবন্ধনকৃত হইলে, অধিগৃহীত ব্যাংককে, অধিগৃহীত ব্যাংকের প্রতিষ্ঠান" শব্দগুলি, কমাগুলি ও হাইফেনের পরিবর্তে "কোন ব্যাংক কোম্পনীর শাখা কিংবা অধীনস্থ প্রতিষ্ঠান অধিগ্রহণের ক্ষেত্রে উক্ত ব্যাংক-কোম্পানীকে, অধিগৃহীত ব্যাংকের সম্পদ ও দায়" শব্দগুলি, হাইফেনগুলি ও কমা প্রতিস্থাপিত হইবে।

৫৯। **১৯৯১ সনের ১৪ নং আইনের ধারা ৬১ এর সংশোধন**।—উক্ত আইনের ধারা ৬১ এর উপ-ধারা (২) এ উল্লিখিত "সুপ্রীম কোর্টের" শব্দগুলির পরিবর্তে "হাইকোর্ট বিভাগের" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

৬০। **১৯৯১ সনের ১৪ নং আইনের ধারা ৬৪ এর সংশোধন**।—উক্ত আইনের ধারা ৬৪ এর উপ-ধারা (১) এ উল্লিখিত "ব্যবসা বা কার্যক্রম গ্রহণ ও চালু রাখা" শব্দগুলির পরিবর্তে "সকল আইনগত কার্যধারা" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

৬১। **১৯৯১ সনের ১৪ নং আইনের ধারা ৬৮ এর সংশোধন**।—উক্ত আইনের ধারা ৬৮ এর উপ-ধারা (১) এ উল্লিখিত "৬৭ বা ৬৮" সংখ্যাগুলি ও শব্দের পরিবর্তে "৬৬ বা ৬৭" সংখ্যাগুলি ও শব্দ প্রতিস্থাপিত হইবে।

৬২। **১৯৯১ সনের ১৪ নং আইনের ধারা ৭০ এর সংশোধন**।—উক্ত আইনের ধারা ৭০ এর দফা (ক) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ক) প্রতিস্থাপিত হইবে, যথা :—

"(ক) কোম্পানী আইনের উল্লিখিত ধারার প্রয়োজন মোতাবেক সেই সকল তথ্য যাহা তাহার নিকট রহিয়াছে;"।

৭৩। **১৯৯১ সনের ১৪ নং আইনের ধারা ১১৬ এর সংশোধন**।—উক্ত আইনের ধারা ১১৬ এ উল্লিখিত "সরকার কোন ব্যাংক-কোম্পানীর নাম পরিবর্তনের জন্য উহার অনুমোদন দিবে না" শব্দগুলির পরিবর্তে "কোন ব্যাংক-কোম্পানীর নাম পরিবর্তনের জন্য কোন আবেদন গ্রহণযোগ্য হইবে না" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

৭৪। **১৯৯১ সনের ১৪ নং আইনের ধারা ১১৮ এর সংশোধন**।—উক্ত আইনের ধারা ১১৮ এ উল্লিখিত "১১, ১৫, ২৩, ৪৫, ৪৯, ৭৫ এবং ৭৭" সংখ্যাগুলি, কমাগুলি ও শব্দটির পরিবর্তে "১১, ১৫, ১৫কক, ২৩, ৪৫, ৪৬, ৪৭, ৪৯, ৭৪ এবং ৭৭" সংখ্যাগুলি, কমাগুলি, অক্ষরগুলি ও শব্দ প্রতিস্থাপিত হইবে।

৭৫। **১৯৯১ সনের ১৪ নং আইনের ধারা ১২০ এর সংশোধন**।—উক্ত আইনের ধারা ১২০ এর উপ-ধারা (১) এর শর্তাংশে উল্লিখিত "নূতন ব্যাংক এবং বিশিষ্ট" শব্দগুলির পরিবর্তে "বিশেষায়িত" শব্দটি প্রতিস্থাপিত হইবে।

৭৬। **১৯৯১ সনের ১৪ নং আইনের ধারা ১২১ এর সংশোধন**।—উক্ত আইনের ধারা ১২১ এ উল্লিখিত "সরকার, বাংলাদেশ ব্যাংকের সহিত পরামর্শক্রমে" শব্দগুলি ও কমার পরিবর্তে "বাংলাদেশ ব্যাংক, সরকারের সহিত পরামর্শক্রমে" শব্দগুলি ও কমা প্রতিস্থাপিত হইবে।

৭৭। **১৯৯১ সনের ১৪ নং আইনের ধারা ১২২ এর সংশোধন**।—উক্ত আইনের ধারা ১২২ এ উল্লিখিত "উহাদের কোন কর্মকর্তা বা কর্মচারীর বিরুদ্ধে কোন মামলা" শব্দগুলির পরিবর্তে "উহাদের কোন কর্মকর্তা বা কর্মচারীর বিরুদ্ধে বা ধারা ৪৭ এর উপ-ধারা (৩) এর আওতায় বাংলাদেশ ব্যাংক কর্তৃক নিয়োগকৃত কোন ব্যক্তির বিরুদ্ধে কোন মামলা" শব্দগুলি, সংখ্যাগুলি ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে।

**মোঃ মাহ্‌ফুজুর রহমান**
সচিব।

উপ পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপ সচিব), উপ পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd